ঢাকা বিশ্ববিদ্যালয়: মার্কেটিং বিভাগের ০৩ (তিন) টি শূন্য স্থায়ী সহকারী অধ্যাপক পদ এবং ০৩ (তিন) টি শূন্য স্থায়ী প্রভাষক পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেলে: সহকারী অধ্যাপক পদের ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা এবং প্রভাষক পদের ২২,০০০-৫৩,০৬০/-টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই মার্কেটিং বিষয়ে বিবিএ এবং এমবিএ পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ সহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় প্রথম বিভাগ/ জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী বিবিএ এবং এমবিএ উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোনো একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে অথবা পোস্ট ডক্টরাল গবেষক পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা অথবা কোন স্বনামধন্য গবেষণা সংস্থায় গবেষক/বৈজ্ঞানিক কর্মকর্তা/সমতুল্য পদে ০৬ (ছয়) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচ.ডি. ডিগ্রিধারীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রাথীদের অবশ্যই indexed/DOI (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সম্বলিত মানসম্পন্ন জার্নালে কমপক্ষে ০৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধ গ্রহণ করা হবে না। তাঁদের Google scholar, LinkedIn and ORCID ID **থাকতে হবে**। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট দেখুন)।

**প্রভাষক পদের যোগ্যতা:** প্রার্থীদের অবশ্যই মার্কেটিং বিষয়ে বিবিএ এবং এমবিএ পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ সহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় প্রথম বিভাগ/ জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী বিবিএ এবং এমবিএ উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোনো একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। যাদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি এবং মানসম্মত প্রকাশনায় প্রবন্ধ আছে তাঁদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধ গ্রহণ করা হবে না। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

আবেদন নির্দেশিকা: প্রার্থীকে https://jobs.du.ac.bd ওয়েবসাইটে লগইন করার মাধ্যমে ০২/০৮/২০২৬ তারিখ রাত ১১:৫৯ এর মধ্যে অনলাইন আবেদন ফরম পূরণ এবং অনলাইনে আবেদন ফি ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অনলাইন আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তার পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রশিদ পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে পেমেন্ট রশিদসহ ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট আগামী ০৩/০৮/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে।

**UNIVERSITY OF DHAKA**: Applications are invited from the Bangladeshi nationals for filling up 03 (three) permanent posts of Assistant Professor and 03 (three) permanent posts of Lecturer in the Department of Marketing, University of Dhaka. Pay scale: : for the post of Assistant Professor 35,500-67,010/- and for the post of Lecturer Tk. 22,000-53,060/- (National pay scale of-2015).

**QUALIFICATIONS FOR THE POST OF ASSISTANT PROFESSOR:** Candidates must have a first class/a minimum CGPA of 3.75 out of 4.00 in both BBA and MBA degree in Marketing with a first division/a minimum GPA of 4.25 out of 5.00 both in SSC and HSC examinations. Requirements for either the SSC or HSC examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both BBA and MBA degrees. Candidates must have at least 03 (three) years of teaching experience at a university, or, at least 02 (two) years as post doctoral research or at least 06 (six) years research experience as a research/scientific officer or an equivalent position in a reputed research organization. Candidates with a Ph.D. should have at least 01(one) year of teaching experience at a university. Applicants must have at least 03(three) research publications in the indexed/quality journal with a DOI (Digital Object Identifier). Articles published in predatory journals will not be accepted. They should have Google scholar, LinkedIn and ORCID ID. Candidates already in service must apply through the proper channel. Relevant notes and conditions apply. (For details, see the Dhaka University Website).

**QUALIFICATIONS FOR THE POST OF LECTURER:** Candidates must have a first class/a minimum CGPA 3.75 out of 4.00 both in BBA and MBA degree in Marketing with a first division/ a minimum CGPA 4.25 out of 5.00 in both S.S.C. & H.S.C Examinations. Requirements for either the SSC or HSC examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both BBA and MBA degrees. Candidates having a Ph.D. in the relevant field and research publication(s) in a quality journal may get preference. Articles published in predatory journals will not be accepted. Applicants already in service must apply through the proper channel. Relevant notes and conditions apply. (For details, see the Dhaka University Website).

**Application Guideline:** Candidates have to fill the online application form and pay the application fee Tk. 750/- (Seven Hundred and Fifty) by logging on to https://jobs.du.ac.bd website by **11:59** PM on 02/08/2026. After successful completion of the online application process, candidates can download their filled application form and payment slip in PDF format. 08 (eight) copies of the downloaded application form should be printed and submitted to the Registrar, University of Dhaka within office hours on 03/08/2026 with payment slip. Attested copies of certificates, testimonials, marksheets and proof of experience should be attached to each copy of the application form.